

লেখকচারণ-২(২১.৯.২০)



পানাম নগর, সোনারগাঁও

সোনারগাঁও সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যঃ

- প্রাচীনকালের সমৃদ্ধ নগর সুবর্ণগ্রাম। পরে এর নাম হয় সোনারগাঁও।
- ঢাকার আগে সোনারগাঁও ছিল দক্ষিণ-পূর্ব বাংলার রাজধানী।
- ঈশা খাঁ ছিলেন এই অঞ্চলের শাসক।

পানাম নগরের গুরুত্বপূর্ণ তথ্যঃ

- সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকার নাম পানাম নগর।
- পানাম নগরে রাস্তার দুই পাশে সারি সারি দালানগুলো বেশ প্রাচীন।
- দালানগুলো খুব উঁচু নয়, সবই দোতলা।
- দালানগুলো একশো বছর আগের তৈরি।
- এই শহরের পুরনো দালানগুলিতে বাংলার অভূতপূর্ব স্থাপত্য শৈলী রয়েছে।
- এখানে আনেক বছর আগে ধনী ব্যবসায়ীরা বাস করতেন।
- মসলিন কাপড়ের প্রসিদ্ধ স্থান ছিল পানাম নগর।
- সোনারগাঁও এর তৈরি মসলিন কাপড়ের বিশ্ব জোড়া কদর ছিল।
- ইংরেজরা এদেশে আসার পর দেশি কাপড়ের কদর কমে যায়।
- একটি দেশের শিল্প, সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরে সংরক্ষিত থাকে।
- সোনারগাঁও এর জাদুঘরে ঢুকতে সবুজের স্লিঙ্ক স্পর্শে সাবিহার মনটা ভরে গেল।
- সোনারগাঁও এর মাটিতে পা দিয়েই সাবিহার মন খুশিতে ভরে উঠল।
- গোয়ালদি মসজিদ মোঘল স্থাপত্য শৈলির অপূর্ব নিদর্শনের জন্য বিখ্যাত।
- গোয়ালদি মসজিদ তৈরি হয়েছিল মোঘলরা বঙ্গদেশে আসার আগে।

*** শিক্ষার্থীবৃন্দ উপরের আলোচনা সহ পাঠ্যবই থেকে গল্পের ২য় অংশ(সোনারগাঁও...ভরা চারপাশ) ভালোভাবে পড়বেন।